



মাইলস্টোন ট্রাজেডিতে আরো ২ জনের মৃত্যু মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫ জনে



সংগৃহীত ছবি

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যাড কলেজে যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫ জনে। আজ (২৬ জুলাই) সকালে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় আরও এক শিক্ষার্থীসহ দুইজন মারা যান।

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যাড কলেজে বাংলাদেশ বিমান বাহিনীর যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় প্রাণহানির সংখ্যা ক্রমেই বাড়ছে। শুক্রবার (২৬ জুলাই) সকালে বার্ন ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় অষ্টম শ্রেণির শিক্ষার্থী জারিফ (১৬) এবং মাসুমা (৩৮) নামে এক নারী মারা যান।

বার্ন ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. শাওন বিন রহমান জানান, সকাল ৯টা ১০ মিনিটে জারিফ আইসিইউতে মারা যায়। তার শরীরের প্রায় ৪০ শতাংশ পুড়ে গিয়েছিল।

এরপর সকাল ১০টা ১৫ মিনিটে মাসুমা মৃত্যুবরণ করেন। তার শরীরের ৯০ শতাংশ বলসে গিয়েছিল এবং তিনি লাইফ সাপোর্টে ছিলেন।

এর আগে গত ২১ জুলাই দুপুর ১টা ৬ মিনিটে বাংলাদেশ বিমান বাহিনীর এফ-৭ বিজিআই যুদ্ধবিমান বীর উত্তম এ কে খন্দকার বিমান ঘাঁটি থেকে উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই রাজধানীর উত্তরার দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যাড কলেজের ক্যাম্পাসে বিধ্বস্ত হয়। এতে ভয়াবহ অগ্নিকাণ্ডের সৃষ্টি হয় এবং শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানিয়েছে, কারিগরি ত্রুটির কারণে বিমানটি বিধ্বস্ত হয়েছে। পাইলট ইজেকশন করে বের হতে পারলেও পরে সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

দুর্ঘটনার সময় বিদ্যালয়ের ক্লাস প্রায় শেষের পথে ছিল। মাত্র কয়েক মিনিট দেরি হলে হয়তো প্রাণহানির সংখ্যা আরও ভয়াবহ হতে পারত।